# বিজয়িনী কালেক্টিভ

প্রজেক্ট – অস্তিত্ব অভিযান

# প্রকল্পের উদ্দেশ্য (২০২৪ অক্টোবর - ২০২৫ সেপ্টেম্বর)

1. 15 জন লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ শিশু ,ব্যক্তিকে এবং পরিবার ও সম্প্রদায়ের সদস্যদের তাদের নিজস্ব সমস্যা এবং অধিকার সম্পর্কে সচেতন করা এবং লিঙ্গ বৈচিত্র্যের শিশু এবং ব্যক্তিদের সম্প্রদায়ের বাকি সদস্যদের দেয়া কলঙ্ক, হয়রানি থেকে রক্ষা করা এবং পাচারের ঝুঁকি হ্রাস করা।
2. লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ মানুষের সমস্যা এবং পাচার থেকে এই মানুষদের রক্ষা করার জন্য 4টি পঞ্চায়েতের যুব সমাজ ও সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে লিঙ্গ বৈচিত্রপূর্ণ মানুষদের আলোচনার মাধ্যমে তাদের ক্ষমতায়ন ও সচেতন করা।
3. একটি প্রভাবশালী ও সুদূরপ্রসারী তথ্য ভান্ডার তৈরি করা যা লিঙ্গ বৈচিত্রপূর্ণ ব্যক্তিদের জন্য সচেতনতা বৃদ্ধিতে সহায়তা করবে, সংস্থার ভবিষ্যতের উদ্যোগের জন্য প্রয়োজনীয় সংস্থান এবং তহবিল সুরক্ষিত করবে।
4. পঞ্চায়েত এবং জেলা পর্যায়ের পরিষেবা প্রদানকারীদের লিঙ্গ বৈচিত্রপূর্ণ ব্যক্তিদের সুরক্ষা প্রদান এবং তাদের সমস্যা ও অধিকার এবং ন্যায়বিচারের জন্য সচেতন ও জবাবদিহি করতে বাধ্য করা

# প্রথম কৃতিত্ব

অস্তিত্ব অভিযান প্রকল্পের আওতায় ১৫ জন জেন্ডার ভেরিয়েন্ট ইন্ডিভিজুয়াল

বিজয়িনী TRC দল অস্তিত্ব অভিযান প্রকল্পের আওতায় ১৫ জন জেন্ডার ভেরিয়েন্ট ইন্ডিভিজুয়াল -কে যুক্ত করেছে। এর মধ্যে ১১ জনের কেস ইনটেক টুল পূরণ সম্পন্ন হয়েছে, যা আমাদের তাদের প্রয়োজন, সমস্যা এবং বর্তমান অবস্থা পরিষ্কারভাবে জানতে সাহায্য করেছে। এই প্রক্রিয়ার মাধ্যমে আমরা প্রত্যেকের জন্য ব্যক্তিগতভাবে পরিকল্পনা করেছি এবং তাদের অধিকার রক্ষার পথে একটি দৃঢ় পদক্ষেপ নিয়েছি।

# CIT কাজ সংক্রান্ত কৃতিত্ব

জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তির প্যান কার্ড প্রস্তুত ও হাতে প্রাপ্তি, যা তার নাগরিক অধিকার প্রতিষ্ঠা ও সরকারি সুযোগ-সুবিধা পাওয়ার ক্ষেত্রে একটি বড় মাইলফলক।

ট্রান্সজেন্ডার কার্ডের সব ধাপ সম্পন্ন, নাম্বার জেনারেট হয়ে ব্যবহার শুরু, যদিও কার্ড হাতে পাওয়া বাকি।

সরকারি পরিচয়পত্র ও লিঙ্গ পরিচয় সম্পর্কিত নথিপত্র নিয়ে সচেতনতা বৃদ্ধি, ধারাবাহিক ফলোআপ ও তথ্যভিত্তিক সাপোর্টের মাধ্যমে আত্মবিশ্বাস ও সামাজিক ক্ষমতায়ন বৃদ্ধি হয়েছে ।

# CIT কাজ সংক্রান্ত কৃতিত্ব

পরিবার এখন কাস্ট সার্টিফিকেট তৈরিতে আগ্রহী এবং জেন্ডার ভেরিয়েন্ট সদস্যকে সক্রিয় সহায়তা করছে।

বিজয়িনীর সহায়তায় পরিবার নাগরিক অধিকার প্রতিষ্ঠার পথে এগিয়ে এসেছে, পরিবেশ আরও গ্রহণযোগ্য ও শান্তিপূর্ণ হয়েছে।

পরিবারের সদস্যরা এখন শিক্ষার গুরুত্ব বোঝে, সন্তানের পড়াশোনায় উৎসাহ ও সাপোর্ট দিচ্ছে।

কিছু জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তি নিজেদের পরিচয় নিয়ে স্বচ্ছন্দ ও মুক্তভাবে মত প্রকাশ করছে; পরিবার মনোযোগ দিয়ে কথা শোনে ও সাপোর্ট করে।

# CIT কাজ সংক্রান্ত কৃতিত্ব

জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তি আত্মবিশ্বাসী, মানসিকভাবে স্থিতিশীল এবং নিজের অধিকার ও আগ্রহ সম্পর্কে সচেতন।

শিক্ষা ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বাস্তবসম্মত সিদ্ধান্ত গ্রহণ করছে।

ফুটবল শেখার আগ্রহে বিদ্যালয়ের প্র্যাকটিস ও প্রতিযোগিতায় অংশ নিয়ে বিভিন্ন পুরস্কার জিতে আত্মবিশ্বাস বাড়াচ্ছে, ফুটবলকে শারীরিক ও মানসিক বিকাশের ইতিবাচক মাধ্যম হিসেবে দেখছে।

স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি পেয়ে নিয়মিত চিকিৎসা ও ট্রিটমেন্ট গ্রহণ করছে, চিকিৎসা গ্রহণের অনীহা কাটিয়ে উঠেছে ।

পঞ্চায়েত প্রধানের সঙ্গে ধারাবাহিক সংলাপ স্থাপন হয়েছে এবং সাহায্যের আশ্বাস পাওয়া গেছে। সি আই টি নিয়ে কাজ করার ফলে আধিকারিকদের দায়িত্বের ওপর প্রভাব পড়েছে

# CIT কাজ সংক্রান্ত কৃতিত্ব

## দ্বিতীয় কৃতিত্ব

## ফ্যামিলি কাউন্সেলিং

1. পরিবারগুলির মধ্যে জেন্ডার নিয়ে ভুল ধারণা দূর হয়ে সঠিক ধারণা তৈরি হয়েছে, ফলে নেতিবাচক মনোভাব ইতিবাচকে পরিণত হয়েছে।
2. পরিবারগুলি এখন সম্প্রদায়ের সামনে আত্মবিশ্বাসের সঙ্গে দাঁড়াচ্ছে এবং পরিস্থিতি মোকাবিলা করছে, ফলে বাইরের কুমন্তব্যের প্রভাব পরিবার থেকে জেন্ডার ভেরিয়েন্ট শিশুর ওপর পড়ছে না।
3. জেন্ডার ভেরিয়েন্ট সদস্যদের মতামত, পছন্দ ও ভালো লাগার বিষয়গুলোকে পরিবার গুরুত্ব দিচ্ছে।
4. এই পরিবর্তনের ফলে জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তিরা আরও আত্মবিশ্বাসী ও সাহসী হয়ে জীবন যাপন করছে।

1. কমিউনিটি মিটিংয়ের মাধ্যমে হাসনাবাদ ব্লকের একটি গ্রাম সম্পূর্ণভাবে রেজিলিয়েন্ট হয়েছে। গ্রামের কয়েকজন সদস্যকে বিশেষভাবে প্রস্তুত করা হয়েছে, যারা জেন্ডার ভেরিয়েন্ট শিশুদের সুরক্ষায় সবসময় এগিয়ে থাকেন।

2. বাদুড়িয়া ব্লকের একটি গ্রামে প্রায় ৩০ জন মানুষ জেন্ডার ভেরিয়েন্ট শিশুদের প্রতি সহানুভূতিশীল মনোভাব গড়ে তুলেছেন। গ্রামের পঞ্চায়েত সদস্য এই বিষয়ে খুবই ইতিবাচক এবং সক্রিয় উদ্যোগ নিচ্ছেন ।

# তৃতীয় কৃতিত্ব

# রেসিলিয়েন্ট কমিউনিটি তৈরী

# তৃতীয় কৃতিত্ব

## রেসিলিয়েন্ট কমিউনিটি তৈরী

3. কমিউনিটি সদস্যরা এখন জেন্ডার ভেরিয়েন্ট শিশুদের সমস্যা ও ঝুঁকিগুলি ভালোভাবে বুঝতে পারছেন এবং দায়িত্বশীলভাবে তাদের সমর্থন দিচ্ছেন।

4. সম্প্রদায়ের মানুষরা এখন একত্রিত হয়ে প্রতিরোধমূলক কাজে অংশ নিচ্ছেন, যাতে জেন্ডার ভেরিয়েন্ট শিশুদের সুরক্ষা নিশ্চিত হয় ।

# চতুর্থ কৃতিত্ব

## বিদ্যালয়ের আধিকারিকদের সাথে দৃঢ়তার সম্পর্ক

1.শিক্ষক ও শিক্ষিকাদের মধ্যে জেন্ডার ভেরিয়েন্ট বিষয়ের উপর সঠিক ধারণা তৈরি হয়েছে। এর ফলে তারা বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের প্রতি ব্যবহারিক পরিবর্তন শুরু করেছেন।
2.শ্রেণীকক্ষে পাঠ্য বইয়ের অংশ হিসেবে এই বিষয়টি অন্তর্ভুক্ত করে শিক্ষার্থীদের বোঝানো হচ্ছে।
3.শিক্ষক ও শিক্ষার্থীরা মিলে বিদ্যালয়কে সুরক্ষাপূর্ণ স্থান করার জন্য উদ্যোগ নিয়েছেন, যার ফলে একটি সহানুভূতিশীল পরিবেশ গড়ে উঠেছে।
4.বিদ্যালয়ের একজন শিক্ষক বিজয়িনীর সঙ্গে মিলে সোশ্যাল মিডিয়ায় সচেতনতামূলক কনটেন্ট তৈরি করতে আগ্রহ প্রকাশ করেছেন, যা সামাজিক পরিবর্তনের পদক্ষেপ হিসেবে কাজ করবে।

# চতুর্থ কৃতিত্ব

## পঞ্চায়েতের সক্রিয় ভূমিকা

1. পঞ্চায়েতের উদ্যোগে ৩০টি গ্রামে জেন্ডার ভেরিয়েন্ট বিষয়ক সচেতনতা প্রোগ্রাম হয়েছে।
2. বিজয়িনীর সঙ্গে মিলে "দুয়ারে সরকার" ক্যাম্পে এই বিষয়ের উপর আলোচনা হয়েছে, যেখানে মানুষ জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তিদের সুরক্ষা সম্পর্কে স্পষ্ট ধারণা পেয়েছে।
3. পঞ্চায়েত প্রধান জেন্ডার ভেরিয়েন্ট শিশুদের তালিকা তৈরি করে, তাদের সুরক্ষার জন্য দায়িত্ব নিয়ে পরিবারগুলির সঙ্গে আলোচনা করেছেন। এই প্রক্রিয়ায় মেম্বার ও আশা কর্মীরাও সক্রিয়ভাবে অংশ নিয়েছেন।

# পঞ্চম কৃতিত্ব

## বিজয়িনী সদস্যা দ্বারা পরিচালিত স্কুল সচেতনতা প্রোগ্রাম

1. প্রায় ৬০০ জন ছাত্রছাত্রীকে জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তিদের বিষয়ে অরিয়েন্টেশন প্রদান করা হয়েছে। এই কার্যক্রমের মাধ্যমে বাগদা ব্লকের জগদীশপুর বিদ্যালয়ে একটি অন্তর্ভুক্তিমূলক (Inclusive) ও নিরাপদ পরিবেশ গড়ে উঠেছে।

2. বিদ্যালয়ে এমন এক সুস্থ ও সহায়ক পরিকাঠামো তৈরি হয়েছে যেখানে জেন্ডার ভেরিয়েন্ট বয়ঃসন্ধিকালের ছেলে মেয়েরা ভয় বা সংকোচ ছাড়াই নিজেদের পরিচয় ও অভিব্যক্তি প্রকাশ করতে পারছে।

3.শিক্ষার্থীদের মধ্যে জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তিদের সম্পর্কে সংবেদনশীলতা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি পেয়েছে।

4.বুলিং ও বৈষম্যমূলক আচরণের মাত্রা উল্লেখযোগ্যভাবে কমেছে । ফলে বিদ্যালয়ে সহযোগিতার পরিবেশ তৈরী হয়েছে।

5.শিক্ষার্থীরা এখন সমান অধিকার, সম্মান ও সহমর্মিতা সম্পর্কে আরও সচেতন হয়েছে, যা ভবিষ্যতে তাদের সামাজিক আচরণে ইতিবাচক প্রভাব ফেলবে।

# পঞ্চম কৃতিত্ব

# বিজয়িনী সদস্যা দ্বারা পরিচালিত স্কুল সচেতনতা প্রোগ্রাম

# ষষ্ঠ কৃতিত্ব

## ফোকাস গ্রুপ ডিসকাশনের মাধ্যমে সম্পর্ক স্থাপন

1.জেন্ডার ভেরিয়েন্ট ও অন্যান্য বয়ঃসন্ধিকালের ছেলে মেয়েদের মধ্যে পারস্পরিক একতা তৈরি হয়েছে এবং একে অপরকে সুরক্ষিত রাখার মানসিকতা গড়ে উঠেছে।

2.জেন্ডার ভেরিয়েন্ট বয়ঃসন্ধিকালের ছেলে মেয়েরা আত্মবিশ্বাসী হয়ে নিজের পরিচয় স্বাচ্ছন্দে প্রকাশ করছে।

3.অন্যান্য ছেলে মেয়েরা বুঝতে পেরেছে কীভাবে নেতিবাচক কথা বা আচরণে আঘাত লাগতে পারে, ফলে স্টিগমা ও বুলিংয়ের প্রবণতা কমেছে।

4. পাপেট শো ও গল্প বলার মাধ্যমে শিশুদের সৃজনশীলতা বেড়েছে, নিজেদের গুণাবলির মূল্য বুঝে তারা খেলাধুলা ও পড়াশোনায় আগ্রহী হয়েছে এবং বিদ্যালয়ে উপস্থিতির হার বেড়েছে।

## সপ্তম কৃতিত্ব

## প্রাক –পরিকল্পনা সভা

1.নিয়মিত প্ল্যানিং মিটিংয়ের মাধ্যমে বিজয়িনী সদস্যাদের মধ্যে কাজের দায়িত্ব সঠিকভাবে ভাগ করা হয়েছে, দায়িত্বশীলতা বৃদ্ধি পেয়েছে এবং সময়মতো কাজ সম্পন্ন করার মনোভাব তৈরি হয়েছে।

2.প্রতি মাসের ফিডব্যাক ও আলোচনার ভিত্তিতে দ্রুত সমস্যা সমাধানের প্রক্রিয়া গড়ে উঠেছে, যা টিমের কার্যকারিতা ও সমন্বয় বৃদ্ধি করেছে ।

3. সোশ্যাল মিডিয়ায় নিয়মিত কনটেন্ট শেয়ারের মাধ্যমে বিজয়নির জেন্ডার ভেরিয়েন্ট বিষয়ক কাজের ভিজিবিলিটি বেড়েছে এবং জনগণের ভাবনায় ইতিবাচক প্রভাব পড়েছে।

# সপ্তম কৃতিত্ব

# প্রাক –পরিকল্পনা সভা

পার্টনার এবং নেটওয়ার্কিং সংগঠনের সঙ্গে যৌথভাবে জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তিদের অধিকার রক্ষায় নানা উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে বিজয়িনী অস্তিত্ব অভিযান প্রকল্পের দৃশ্যমানতা বেড়েছে এবং জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তিরা বিভিন্ন ধরনের সহায়তা ও সমর্থন পেয়েছেন।

## চ্যালেঞ্জ / বাধা

আইডি পরিচয়পত্রের আবেদনের ক্ষেত্রে পঞ্চায়েত প্রধান জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তিদের আবেনদনপত্র কে গুরুত্ব সহকারে বিচার করেন নি । এবং বিজয়িনী TRC সদস্যদের অগ্রাহ্য করেন ও কোনো রূপ সহযোগিতা করেন নি ।

প্রাথমিক পর্যায়ে বিজয়িনী TRC সদস্যরা লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ মানুষদের সমস্যা সম্পর্কে ভালোভাবে অবগত ছিলেন না, যার মধ্যে লিঙ্গ পরিচয় সংকটের সাথে সম্পর্কিত মানসিক আঘাত সম্পর্কে ওয়াকিবহাল ছিলেন না । এই বোধগম্যতার অভাব তাদের পক্ষে লিঙ্গ বৈচিত্র্যময় ব্যক্তিদের সাথে কার্যকরভাবে কাজ করা এবং যোগাযোগ করা কঠিন করে তুলেছিল।

## বাধা অতিক্রমের উপায়

আমরা পঞ্চায়েত প্রধানের সঙ্গে আলোচনা সভা করেছি, নিয়মিত যোগাযোগ রেখেছি এবং সমস্ত তথ্য তার সঙ্গে ভাগ করেছি। ধীরে ধীরে তিনি বিষয়টি বুঝতে পেরেছেন, আমাদের কাজে সহায়তা করতে শুরু করেছেন এবং সহযোগিতা করেছেন।

কাজের বাধার অভিজ্ঞতা TRC দলের সদস্যদের বিষয়টির মূল গভীরভাবে বুঝতে সাহায্য করেছে। তারা কেবল লিঙ্গ বৈচিত্র্য সম্পর্কে নিজেদের শিক্ষিত করেনি বরং লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ ব্যক্তিদের জন্য সক্রিয়ভাবে সমর্থন জোটবদ্ধ করতে শুরু করেছেন । এই বিষয়ে নিজেদের জ্ঞান বৃদ্ধি করার উদ্দেশ্যে সদস্যরা সক্রিয় ভাবে সেশনে অংশগ্রহণ করেছেন এবং অন্যান্যদের যারা সরাসরি জড়িত নন কিন্তু লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ ব্যক্তিদের প্রতি দায়বদ্ধ তাদের শিক্ষিত করার জন্য রিসোর্স উপকরণ প্রস্তুত করেছেন ।

## চ্যালেঞ্জ / বাধা

লিঙ্গ বৈচিত্র্য এবং লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ ব্যক্তিদের বিষয়ে আলোচনায় 'সমাজের বিভিন্ন স্তরের মানুষদের থেকে দ্বিধা ও প্রতিরোধ ছিল। লিঙ্গ পরিচয় নিয়ে খোলাখুলি আলোচনা করতে অনিচ্ছুক মানুষদের দলে অংশগ্রহণ করানো এই প্রকল্পের উন্নতির পথে উল্লেখযোগ্য বাধা হয়ে দাঁড়িয়েছিল।

বিজয়িনী TRC সদস্যদের মধ্যে লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ ব্যক্তিদের সম্পর্কিত নতুন বা পরিবর্তিত আইন সম্পর্কে জ্ঞানের অভাব ছিল যার ফলে দলটি আইনি ওকালতির জন্য যথেষ্ট পরিমানে আত্মবিশ্বাসী ছিল না।

## বাধা অতিক্রমের উপায়

বিজয়িনী TRC দল দ্বারা পরিচালিত আলোচনা সভা এবং সচেতনতা বৃদ্ধির কর্মসূচিগুলি কমুনিটির মানুষদের লিঙ্গ বৈচিত্র্য সম্পর্কে গভীর ধারণা তৈরি করতে সাহায্য করে। এর ফলে কমুনিটির সদস্যদের মধ্যে সহমর্মীতা বোধ এবং সকল মানুষের প্রতি সহানুভূতিশীল আচরণ করার মনোভাব তৈরী হয়।

দলের সদস্যরা লিঙ্গ-বৈচিত্র্যপূর্ণ ব্যক্তিদের আইনি অধিকারের উপর ওরিয়েন্টেশন সেশনের প্রস্তাব করেন যাতে তারা প্রয়োজনে লিঙ্গ-বৈচিত্র্যপূর্ণ ব্যক্তিদের আইনি কর্তৃপক্ষের কাছ থেকে পরিষেবা এবং অধিকার পেতে সহায়তা করতে পারেন।

| চ্যালেঞ্জ / বাধা | বাধা অতিক্রমের উপায় |
| --- | --- |
| CIT ফরম্যাট পূরণের পর্যাপ্ত দক্ষতা না থাকায় দলের সদস্যরা জেন্ডার ভেরিয়েন্ট ইন্ডিভিজুয়ালদের সঠিক তথ্য ও অভিজ্ঞতা সংগ্রহ ও উপস্থাপন করতে পারেনি। এর ফলে তাদের বাস্তব সমস্যা, অধিকার এবং প্রয়োজনীয় সহায়তার ধরন স্পষ্টভাবে তুলে ধরা সম্ভব হয়নি। এছাড়াও, তাদের দাবিগুলো কীভাবে একত্রিত করে সুনির্দিষ্টভাবে উপস্থাপন করতে হয়, সেই প্রক্রিয়াটি সম্পর্কেও দলের সদস্যদের জ্ঞান সীমিত ছিল। | দলের সদস্যরা CIT নিয়ে একটি বিশেষ প্রশিক্ষণে অংশগ্রহণ করে , যেখানে একজন অভিজ্ঞ প্রশিক্ষকের কাছ থেকে সঠিক পদ্ধতিতে জেন্ডার ভেরিয়েন্ট ইন্ডিভিজুয়ালদের তথ্য সংগ্রহ, যাচাই এবং উপস্থাপনের কৌশল শেখে ও প্রশিক্ষণ শেষে এই পদ্ধতিগুলো ব্যবহার করে সঠিকভাবে CIT ফরম্যাট পূরণ করতে এবং তাদের দাবিগুলো সুসংগঠিতভাবে উপস্থাপন করতে সক্ষম হয়। |

# TRC প্রকল্পের মাধ্যমে দলের শিক্ষা

## কমিউনিটিতে কাজের প্রেক্ষাপটে

লিঙ্গ বৈষম্য সম্পর্কে ধারণা তৈরিতে নিয়মিত ভাবে সচেতনতামূলক সভা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে

নিয়মিত সচেতনতামূলক সভা এবং গল্প বলার মাধ্যমে বিজয়িনী TRC দলের সদস্যরা খোলাখুলি কথা বলার জন্য একটি নিরাপদ স্থান তৈরি করতে পেরেছে যা লিঙ্গ বৈষম্যের মতো জটিল ও অপ্রচলিত বিষয়কেও সকলের বোধগম্য করতে সহায়তা করে।

## পারিবারিক পরিবেশের প্রেক্ষাপটে

TRC দলের সদস্যরা লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ ব্যক্তি এবং তাদের পরিবারের সদস্যদের জন্য নিয়মিত মানসিক সাপোর্টকে গুরুত্ব দিয়েছেন যাতে লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ ব্যক্তি ও তাদের পরিবারের সদস্যরা নিরাপদ এবং অনুপ্রাণিত বোধ করতে পারেনএবং সামাজিক কলংকের হাত থেকে বাঁচার রসদ পেতে পারেন ।

## দলের সার্বিক দক্ষতা বৃদ্ধি

TRC দলের সদস্যরা জেন্ডার ভেরিয়েন্ট ব্যক্তিদের জন্য আইনি সুযোগ-সুবিধা এবং সহায়তার উপায়গুলি সম্পর্কে গভীর জ্ঞান অর্জন করেছে । পাশাপাশি, তাদের অধিকার রক্ষায় সরকারি দপ্তরের সঙ্গে কার্যকরভাবে কাজ করার পদ্ধতিও শিখেছে

বিজয়িনী TRC দলের সদস্যরা শিখেছেন যে লিঙ্গ বৈচিত্র্যপূর্ণ ব্যক্তিদের অধিকার সুরক্ষিত করার জন্য দলের সদস্যদের ক্ষমতা ও দক্ষতা বাড়াতে হবে এবং সে কারণে সদস্যরা জেন্ডার রোল , যৌনতা, লিঙ্গ পরিচয় ইত্যাদি বিষয়ের সাথে সাথে এই মানুষদের প্রয়োজনীয়তা বোঝার জন্য CIT ফরম্যাটের মাধ্যমে তাদের চাহিদা গুলি সনাক্ত করতে শিখেছেন ।

# দলের কাজের মূল্যায়ন ও যুক্তি

৯১/১০০

বিজয়িনী TRC দলের সদস্যারা নিজেদের কাজকে সমবেত ভাবে মূল্যায়ন করেন ও নিজেদের কাজকে একটি নম্বর দিয়ে চিহ্নিত করেন । দলের সদস্যারা TRC প্রকল্পের উদ্দেশ্য কে মাথায় রেখে নিজেদের ৯১ নম্বর দেন। তাদের মতে দল প্রকল্পের উদ্দেশ্য গুলিকে আংশিক সম্পূর্ণ করেছে। কমুনিটির মধ্যে লিঙ্গ বৈচিত্রপূর্ণ মানুষদের সনাক্ত করা ও তাদের এবং পরিবারের সদস্যদের দ্বিধা ও মানসিক অশান্তি কাটিয়ে সামাজিক কলংকের মোকাবিলা করার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি নিতে এই দল সুম্পূর্ণ সাহায্য করেছে । সামাজিক স্তরে সহমর্মিতার পরিবেশ তৈরির জন্য দলগত ভাবে বিভিন্ন পন্থা নেওয়া হয়েছে এবং যা কার্যকর হয়েছে।

দলের সদস্যরা মনে করেন CIT ফরম্যাট এর মতো অত্যন্ত প্রয়োজনীয় টুলের মাধ্যমে তারা লিঙ্গ বৈচিত্রপূর্ণ মানুষদের চাহিদাগুলি সনাক্ত করেছেন ও পাশাপাশি তাদের চাহিদা পূরণের জন্য আধিকারিকদের সাথে নিয়মিত যোগাযোগ রাখছেন । বর্তমানে কমুনিটির মধ্যে যে আধিকারিকরা আছেন তারা দলের কাজের উদ্দেশ্যকে সহমর্মিতার নজরে দেখছেন এবং সর্বাঙ্গীন চেষ্টা করছেন লিঙ্গ বৈচিত্রপূর্ণ মানুষদের একটি সহানুভূতিশীল ও নিরাপদ পরিবেশ দেওয়ার।




# ধন্যবাদ